

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের নভেম্বর ২০২৩ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। **কমখুল টেনিস এবং স্কোয়াশ চ্যাম্পিয়ান-২০২৩।** গত ০৩ নভেম্বর ২০২৩ বানৌজা তিতুমীরে কমখুল টেনিস এবং স্কোয়াশ চ্যাম্পিয়শিপ -২০২৩ এর ফাইনাল অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতায় কমান্ডার খুলনা নৌ অঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।



চিত্রঃ কমখুল টেনিস এবং স্কোয়াশ চ্যাম্পিয়ানশিপ -২০২৩ এর ছবি।

২। **ঘূর্ণিঝড় ‘মিথিলি’ পরবর্তী ক্ষতিগ্রস্ত এলাকায় অসহায় মানুষদের মাঝে ত্রাণ বিতরণ।** গত ১৭ নভেম্বর ২০২৩ ঘূর্ণিঝড় ‘মিথিলি’ বাংলাদেশের দক্ষিণাঞ্চলের উপকূলে আঘাত হানে। এপ্রেক্ষিতে, বানৌজা শের-ই-বাংলার পার্শ্ববর্তী অঞ্চলে আর্ত মানবতার সেবায় গত ১৮ নভেম্বর ২০২৩ বানৌজা শের-ই-বাংলার ব্যবস্থাপনায় লালুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এ গরীব অসহায় ও দুস্থ মানুষের মধ্যে ত্রাণ বিতরণ করা হয়।



চিত্রঃ ত্রাণ বিতরণ কার্যক্রমের ছবি।

সীমিত

৩। **সশস্ত্র বাহিনী দিবস- ২০২৩ উদযাপন।** গত ২১ নভেম্বর ২০২৩ যথাযথ মর্যাদার সাথে সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ পালিত হয়। উক্ত দিনে খুলনা নৌ অঞ্চল এর প্রতিটি ঘাঁটি এবং নাবিক কলোনির মসজিদে বাদ ফজর বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। উক্ত দিবস উপলক্ষ্যে প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং প্রীতিভোজের আয়োজন করা হয়। উক্ত প্রীতিভোজে ঘাঁটির সকল কর্মকর্তা, জেসিও, পিও, নাবিক, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং তাদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন। এছাড়াও উক্ত দিবসে মুক্তিযোদ্ধাদের বিশেষ সংবর্ধনা অনুষ্ঠান ও অন্যান্য বিশেষ কর্মসূচী পালন করা হয়।





৪। সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উপলক্ষ্যে বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন এবং বীর বিক্রম শহীদ মহিবুল্লাহ এর মাজারে পুষ্পস্তবক অর্পণ। গত ২১ নভেম্বর ২০২৩ সশস্ত্র বাহিনী দিবস-২০২৩ উপলক্ষ্যে কমান্ডার খুলনা নৌ অঞ্চল বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন এবং বীর বিক্রম শহীদ মহিবুল্লাহ এর মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন।



৫। নৌবাহিনীতে বীরত্বপূর্ণ ও সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালের জন্য লেঃ কমান্ডার এম কবির উদ্দিন, (এসডি), ট্যাজ, বিএন কে শান্তিকালীন (নৌ উৎকর্ষ) পদক প্রদান। গত ২১ নভেম্বর ২০২৩ বাংলাদেশ নৌবাহিনীতে বীরত্বপূর্ণ ও সাহসিকতাপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ কমান্ডার খুলনা নৌ অঞ্চলে কর্মরত লেঃ কমান্ডার এম কবির উদ্দিন, (এসডি), ট্যাজ, বিএন কে ২০২২ সালের জন্য শান্তিকালীন পদক (নৌ উৎকর্ষ পদক) প্রদান করা হয়।



চিত্রঃ পদক প্রদানের স্থির চিত্র।

৬। সশস্ত্র বাহিনী দিবস- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিএনএফডব্লিউএ খুলনা, বিএনএফডব্লিউএ মোংলা উপশাখা ও আশার আলো স্কুল, খুলনা কর্তৃক রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। গত ২১ নভেম্বর ২০২৩ বিএনএফডব্লিউএ খুলনা, বিএনএফডব্লিউএ মোংলা উপশাখা ও আশার আলো স্কুল, খুলনা কর্তৃক রচনা, চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ খুলনা শাখার চেয়ারম্যান রনিমা ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।





চিত্রঃ নৌপ্রধান (ম্যাটেরিয়াল) এর বানৌজা মোংলা এবং বিএন ডকইয়ার্ড মোংলায় আগমন ও পরিদর্শন।

৭। **সহকারী নৌপ্রধান (ম্যাটেরিয়াল) এর বানৌজা মোংলা এবং বিএন ডকইয়ার্ড মোংলায় আগমন ও পরিদর্শন।** গত ২৩ নভেম্বর ২০২৩ সহকারী নৌপ্রধান (ম্যাটেরিয়াল), রিয়ার এডমিরাল মোহাম্মদ মঈনুল হক, এনবিপি, এনপিপি, এনএসডব্লিউসি, পিএসসি বানৌজা মোংলা এবং বিএন ডকইয়ার্ড মোংলা পরিদর্শন করেন। এসময় তিনি বিএন ডকইয়ার্ড কর্তৃক চলমান বিভিন্ন মেরামত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন এবং বানৌজা মোংলায় কর্মকর্তাদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন।



মো

৮। **বানৌজা শের-ই-বাংলায় নবীন নাবিক বি-২০২৩ ব্যাচের সাংস্কৃতিক অনুষ্ঠান।** গত ২৯ নভেম্বর ২০২৩ নবীন নাবিক বি-২০২৩ ব্যাচের কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল রিয়ার এডমিরাল মাসুদ ইকবাল, এনপিপি, এনডিসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



চিত্রঃ নবীন নাবিক বি-২০২৩ ব্যাচের কোর্স সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠানের স্থির চিত্র।

৯। **মাস পিাট।** গত ২৯ নভেম্বর ২০২৩ বানৌজা ততুমার প্যারেড গ্রাউন্ডে মাস পিাট অনুষ্ঠিত হয়। উক্ত মাস পিাটতে ঘাঁটিস্থ কর্মকর্তা ও নাবিকগণ অংশগ্রহণ করেন।



চিত্রঃ মাস পিটির স্থির চিত্র।

১০। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক)। বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক খুলনা ও মোংলা নৌ অঞ্চলের আওতাধীন জাহাজসমূহের নভেম্বর ২০২৩ মাসে বিভিন্ন মেরামত সংশ্লিষ্ট কার্যাদি পরিচালিত হয়। এতদসংক্রান্ত স্থির চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্রঃ বানোজা আবু বকর জাহাজ এর এইচপি এয়ার কম্প্রেসর মেরামতের চিত্র।



চিত্রঃ বানোজা আলী হায়দার এর ডান প্রধান ইঞ্জিনের অতিরিক্ত এয়ার স্টার্টিং ভাল্ব মেরামত কার্যক্রম।



চিত্রঃ বিসিজিএস কামরুজ্জামান এর এসি প্ল্যান্টের ৪ নং কম্প্রেসরের ওভারহলিং কাজের চিত্র।